# www.priofaridpur.com



**ইউসুফ আলী চৌধুরী**

**১৯০৫ সাল**

**ফরিদপুর**

ইউসুফ আলী চৌধুরী ছিলেন একজন খ্যাতনামা বাঙালি রাজনীতিবিদ এবং বাংলাদেশের ফরিদপুর জেলার প্রসিদ্ধ জমিদার পরিবারের সন্তান। তিনি মোহন মিয়া নামে অধিক পরিচিত ছিলেন। তাঁর পিতা ময়েজউদ্দিন চৌধুরী খান সাহেব নামে পরিচিত ছিলেন। তিনি সাধারণ অবস্থা থেকে জমিদার হয়েছিলেন। ময়েজউদ্দিন চৌধুরীর তিন পুত্রের মধ্যে ইউসুফ আলী চৌধুরী ছিলেন দ্বিতীয়। তাঁর প্রথম পুত্র মোয়াজ্জেম হোসেন চৌধুরী, যিনি লাল মিয়া নামে সমধিক পরিচিত। ইউসুফ আলী চৌধুরীর ছোট ভাই এনায়েত হোসেন চৌধুরী তারা মিয়া ফরিদপুর পৌরসভার কমিশনার এবং পরবর্তীতে চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করেন।

শিক্ষা বিস্তারে মোহন মিয়া অগ্রনী ভূমিকা পালন করেন। ১৯২৬ সালে ময়েজউদ্দিন হাই স্কুল প্রতিষ্ঠা করেন। ১৯৩৮ সালে দরিদ্র এবং মেধাবী ছাত্রদের বিনা পয়সায় থাকা ও খাওয়ার সুবিধাসহ মুসলিম স্টুডেন্টস হোম নামে একটি হোস্টেল চালু করেন। এই প্রতিষ্ঠান থেকে অসংখ্য দরিদ্র এবং মেধাবী মুসলিম ছাত্র উচ্চ শিক্ষা লাভে সক্ষম হয়। পাকিস্তান প্রতিষ্ঠার আন্দোলনে তিনি ছিলেন এক অগ্রসেনানী। ১৯৩৭ সালের সাধারণ নির্বাচনে প্রাদেশিক আইন সভার সদস্য নির্বাচিত হন। ইচ্ছা করলে তিনি তখন মন্ত্রী হতে পারতেন। হননি কেননা তিনি বাংলার মন্ত্রিসভাকে সুন্দরভাবে গড়ে তুলতে চেয়েছিলেন। এজন্য তাঁকে বলা হতো কিং মেকার। দীর্ঘদিন তিনি জন্মভূমি ফরিদপুর জেলা বোর্ড এর সভাপতি ছিলেন। ১৯৪০ থেকে ১৯৫২ সাল পর্যন্ত একটানা তিনি ফরিদপুর জেলা মুসলিম লীগের সভাপতির দায়িত্ব পালন করেন। পরবতীকালে তিনি শের-ই-বাংলা একে ফজলুল হকের কৃষক-শ্রমিক দলে যোগদান করেন। এই দলের মনোনীত প্রাথী হিসেবে ১৯৫৪ সালে প্রাদেশিক পরিষদের সদস্য নির্বাচিত হন। এই সময় কিছু দিনের জন্যে ফজলুল হকের মন্ত্রিসভার সদস্যও ছিলেন তিনি।